

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

**বিষয়:স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক
দিবস পালনে এ মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত অনুষ্ঠিতসভার কার্যবিবরণী।**

সভাপতি	কবির বিন আনোয়ার সচিব
সভার তারিখ	৩০ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ০৩.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহিদ ফারুক, এমপি ও মাননীয় উপমন্ত্রী জনাব এ কে এম এনামুল হক শামীম, এমপি উপস্থিতি ছিলেন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শুদ্ধা জ্ঞাপন করেন। সভায় গত বছরে জাতীয় শোক দিবস পালনে এ মন্ত্রণালয়ের গৃহীত কর্মসূচি সম্পর্কে অবহিত করা হয়। জাতীয় শোকদিবস পালনে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ তুলে ধরেন। মন্ত্রিপরিষদ বিভাগের গৃহীত সিদ্ধান্তের আলোকে এ বছরের কর্মসূচি নিয়ে সভায় আগত মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থার প্রতিনিধিগণ বিস্তারিত আলোচনা করেন।

০২। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

ক্র: নং	জাতীয় শোক দিবসের কর্মসূচি	বাস্তবায়নকারী
০১.	১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ১লা আগস্ট হতে মাসব্যাপী মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী কালো ব্যাজ ধারণ করবে।	প্র:-৩, পাসম ও সকল সংস্থা প্রধান
০২.	১৫ই আগস্ট জাতীয় শোক দিবসে মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থায় এবং মাঠ পর্যায়ের সকল অফিসে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন করা হবে।	সকল সংস্থা
০৩.	১৫ই আগস্ট পানি সম্পদ মন্ত্রণালয়ের নেতৃত্বে সকাল ০৮.০০ টায় নিউ মডেল ডিগ্রি কলেজ প্রাঙ্গন থেকে সকল সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের সমষ্টিয়ে শোক রংযালি হবে। শোক রংযালিতে মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিটি সংস্থা নিজ নিজ ব্যানার নিয়ে অংশগ্রহণ করবে।	পাসম ও সকল সংস্থা প্রধান
০৪.	১৫ই আগস্ট বাদ আছর জাতীয় শোক দিবসে মন্ত্রণালয়ের আওতাধীন (বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড প্রধান কার্যালয় ব্যতিত) সকল অধিদপ্তর/সংস্থায় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল অফিস/মসজিদে কোরআন তেলওয়াত, মিলাদ ও দোয়া মাহফিল এর আয়োজন করতে হবে।	সকল সংস্থা প্রধান
০৫.	১৪ই আগস্ট বাদ আছর জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয়ে কোরআন তেলওয়াত, মিলাদ ও দোয়া মাহফিল এর আয়োজন করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো।
০৬.	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও অন্যান্য সংস্থার আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিসসমূহ জেলা/উপজেলায় প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে এবং শোক রংযালিতে নিজ নিজ ব্যানার নিয়ে অংশগ্রহণ করবে। এছাড়া, জেলা/উপজেলার প্রত্যেক অফিস নিজ নিজ কার্যালয়ে শোক সভা ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবে।	মহাপরিচালক, বাপাউবো, বাহাজউঅ।
০৭.	পানি সম্পদ মন্ত্রণালয়ের ব্যানার এবং পুষ্পস্তবক বাপাউবো তৈরিপূর্বক মন্ত্রণালয়ে হস্তান্তর করবে।	মহাপরিচালক, বাপাউবো।

০৮.	জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয়ে আগষ্টের শেষ সপ্তাহে আলোচনা সভার আয়োজন করতে হবে।	মহাপরিচালক, বাপাটুবো।
০৯.	শোক দিবস উপলক্ষে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের সকল স্থাপনায় আগামী ০৫ আগস্ট ২০১৯ তারিখের পূর্বে ব্যানার টানানো হবে। ব্যানারে “যতদিন রবে পদ্মা-যমুনা-গৌরী-মেঘনা বহমান ততদিন রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান” উল্লেখপূর্বক ব্যানারের ডিজাইন মন্ত্রণালয় কর্তৃক তৈরিপূর্বক সকল সংস্থায় প্রেরণ করা হবে। বিষয়টি পত্রের মাধ্যমে বাপাটুবো সকল জেলা/উপজেলায় নির্বাহী প্রকৌশলীগণকে অবহিত করবে।	প্রোগ্রামার, পাসম ও সকল সংস্থা প্রধান।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কবির বিন আনোয়ার
সচিব

স্মারক নম্বর: ৮২.০০.০০০০.০৩২.২৩.০৭৪.১৭.২৮২

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৬

৩০ জুলাই ২০১৯

বিতরণ (জ্যোতির ক্রমানুসারে নথি) :

- ১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ২) মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, নদী গবেষণা ইনসিটিউট
- ৪) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
- ৫) নির্বাহী পরিচালক, আইডিলিউএম, মহাখালী, ঢাকা।
- ৬) নির্বাহী পরিচালক, সিইজিআইএস, গুলশান, ঢাকা।
- ৭) সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ
- ৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৯) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ১০) একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ১১) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
- ১২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
- ১৩) (সকল অধিশাখা/শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব